



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.blp.gov.bd



নং-৩৮.৩৯৯.০১৪.০০.০০.৬৫২.২০১৯(অংশ-১)- ২৮

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপের শিক্ষক ও সুপারভাইজার এবং শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণ সংক্রান্ত।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতাধীন মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে “নুজিব বর্ষ” উপলক্ষ্যে দেশের ৬০টি জেলার ১১৪টি উপজেলায় ১৫-৪৫ বছর বয়সী ২১ লক্ষ নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ১১৪টি উপজেলায় বেইজলাইন সার্ভে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং কর্ম এলাকায় ১৭৫০জন সুপারভাইজার ও ৭০০০জন শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে। জাতির পিতার ছবি ও বাণী সম্বলিত ৪২৭১৩৪০ খানা প্রাইমার (আমাদের চেতনা-১ম ও ২য় খন্ড) ও ৩৫০০০টি ফ্লিপ চার্ট মুদ্রণ করা হয়েছে যা শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করার জন্য উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। দ্বিতীয় ধাপের ১১৪টি উপজেলার ২১ লক্ষ নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের জন্য ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে একযোগে ৩৫০০০টি শিখন কেন্দ্র (২ শিফট) চালু করার সিদ্ধান্ত থাকলেও করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে তা সম্ভব হয়নি। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার প্রেক্ষিতে সরকারের নির্দেশনাক্রমে শীঘ্রই শিখনকেন্দ্র চালু করা সম্ভব হবে। এমতাবস্থায় আপনার কর্ম এলাকায় শিক্ষক ও সুপারভাইজার এবং শিক্ষার্থীদেরকে কোভিড-১৯ টিকা গ্রহণের লক্ষ্যে উদ্বুদ্ধ এবং সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বলা হলো।

এছাড়া ইতোমধ্যে কতজন শিক্ষক ও সুপারভাইজার কোভিড-১৯ টিকা নিয়েছেন তার তালিকা প্রণয়নে উপজেলা প্রোগ্রাম অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আব্দুল ওয়াহাব রাশেদ)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-২২২২৮৫৮০৫

Sumei

নির্বাহী পরিচালক/পরিচালক/সভাপতি

.....

উপজেলা:.....

জেলা:.....

কার্যার্থে:

১। সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জেলা:.....।

২। প্রোগ্রামার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), তেজগাঁও, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। উপজেলা প্রোগ্রাম অফিসার (সকল), মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপজেলা:, জেলা:

(তাকে উপজেলা নির্বাহী অফিসার ও বেসরকারী সংস্থার নির্বাহী পরিচালকদের সাথে সমন্বয় করে প্রকল্প দপ্তরে তথ্য প্রেরণ করার জন্য বলা হলো)।

সদয় জ্ঞাতার্থে:

১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

২। জেলা প্রশাসক, জেলা:.....।

৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা:....., জেলা:.....।